

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ব-৪১/রে-২০০২ (৫০০)

তারিখ : ০৮. ১১. ২০১৭

## বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৬/১০/২০১৭ এবং ২৭/১০/২০১৭ তারিখে এই বিশ্ববিদ্যালয়ে অনভিপ্রেত ঘটনাসমূহ সংঘটিত হওয়ার পরিপ্রেক্ষিতে উল্লেখিত ঘটনাসমূহের পর পরই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষ হতে সন্দেহভাজন ও অজ্ঞাতনামা কয়েকজনের বিরুদ্ধে থানায় মামলা করা হয়েছে। এছাড়াও ছাত্রকল্যাণ পরিদপ্তরের অধীনে একটি প্রাথমিক তদন্ত কমিটি গঠন করা হয়েছে। পরবর্তীতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আরও তিনটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে যার কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে।


বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে বহিরাগতদের বিচরণ বন্ধ করার জন্য পলাশী বাজার হতে বকশীবাজার মোড় পর্যন্ত রাস্তার দুই পার্শ্বের সকল অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। বিশ্ববিদ্যালয় গেইটের সামনে স্থাপিত ফুট ওভার ব্রীজের সকল প্রবেশ পথ ইতোমধ্যে বন্ধ করা হয়েছে। ফুট ওভার ব্রীজটি স্থায়ীভাবে অপসারণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করা হয়েছে। পলাশী বাজার ও বকশীবাজার মোড়ে Barrier Gate লাগানো হয়েছে এবং সেখানে সার্বক্ষণিক সিকিউরিটি গার্ড মোতায়েন করা হয়েছে। ইতোমধ্যে ১৩ (তের) জন নতুন সিকিউরিটি গার্ড নিয়োগ প্রদান করা হয়েছে। এছাড়াও স্বল্পতম সময়ে আরও সিকিউরিটি গার্ড নিয়োগ প্রদানের বিষয় প্রক্রিয়াধীন আছে।

ঘটনার সঙ্গে জড়িত সন্দেহভাজনের পিতার নামে প্রদত্ত বাসার বরাদ্দ কর্তৃপক্ষ কর্তৃক বাতিল করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের সমগ্র এলাকার সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে ইতিপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গেট, হল এবং পলাশী বাজার এলাকায় স্থাপিত CCTV Camera- এর অতিরিক্ত আরও পর্যাপ্ত সংখ্যক CCTV Camera স্থাপনের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে। বিশ্ববিদ্যালয় এলাকায় অপরিচিত/অবাঞ্ছিত বহিরাগতদের প্রবেশ নিয়ন্ত্রণের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এব্যাপারে বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্টদের তাদের আইডি কার্ড দৃশ্যমান রেখে নিরাপত্তা কর্মীদের সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীবৃন্দকে তাদের ক্লাশে সময়মত উপস্থিত হওয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,



(অধ্যাপক ডঃ মোঃ সাইদুর রহমান)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

### বিতরণঃ

- ১। সকল অনুষদের ডীন, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল বিভাগ/অফিস প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। পরিচালক, সকল ইনস্টিটিউট/সেন্টার, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৪। পরিচালক, ছাত্রকল্যাণ পরিদপ্তর, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।